# উপজেলা পরিষদ
## শরণখোলা, বাগেরহাট।

**উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ রায়হান উদ্দিন শান্ত, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
তারিখ ঃ ২৪ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ টা।
স্থান ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী (স্বাক্ষরের ক্রমানুসারে) যথাক্রমে পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য।

শরণখোলা উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী প্রস্তাব উপস্থাপিত না হওয়ায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়াদি আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | উপজেলা প্রকৌশল দপ্তর | ১.১. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শরণখোলা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের অর্থ হতে উন্নয়নমূলক কাজ করার লক্ষ্যে ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভার কার্যবিরণীর পরিশিষ্ট 'গ' ও 'ঘ' এবং 'ঙ' এ অনুমোদিত প্রকল্প প্রস্তাবসমূহ দ্রুত ভিত্তিতে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১.১.১. সভায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের অর্থ প্রাপ্ত সাপেক্ষে উন্নয়নমূলক কাজ করার লক্ষ্যে ১৮/১১/২০২১ খ্রিঃ তারিখের মাসিক সাধারন সভার কার্যবিরণীর পরিশিষ্ট 'গ' ও 'ঘ' এবং 'ঙ' এ বর্ণিত অনুমোদিত প্রকল্পসমূহের দ্রুত বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী শরণখোলা, বাগেরহাট। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | ২.১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শরণখোলা বলেন, করোনা ভাইরাস সংক্রমণ (কোভিড-১৯) প্রতিরোধকল্পে সকল নাগরিককে ভ্যাকসিনেশন এর আওতায় আনার জন্য জনসাধারণকে সচেতন করে উপযোগীদের ভ্যাকসিন গ্রহণের প্রতি উদ্বুদ্ধ করা একান্ত প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ২.১.১.করোনা ভাইরাস (কেভিড-১৯) সংক্রমণ নিয়ন্ত্রনে উপজেলার সকল মানুষকে ভ্যাকসিন গ্রহণে উদ্বুদ্ধকরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শরণখোলা। |
| ০৩ | উপজেলা কৃষি অফিস | ৩.১.উপজেলা কৃষি কর্মকর্তা, শরণখোলা উপজেলা কৃষি দপ্তরের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ৩.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, |
| ০৪ | উপজেলা শিক্ষা অফিস | ৪.১.সভায় উপজেলা শিক্ষা কমিটির মেয়াদ শেষ হওয়ায় নতুন কমিটি গঠণের বিষয় আলোচনা করা হয় এছাড়াও এ দপ্তরের বিবিধ বিষয় আলোচনা করা হয়। | ৪.১.১. উপজেলা শিক্ষা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নতুন কমিটি গঠণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও নিয়মিত শিক্ষা কমিটির সভা আহ্বানের বিষয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শরণখোলা, বাগেরহাট। |
| ০৫ | উপজেলা মৎস্য অফিস | ৫.১.১.উপজেলা মৎস্য কর্মকর্তা শরণখোলা বলেন, উপজেলায় জেলেদের পরিচয়পত্র প্রদান কার্যক্রমে ৬০০ (ছয়শত) জনকে নতুনভাবে অন্তর্ভুক্ত করার বরাদ্দ পাওয়া গেছে। তিনি জেলেদের পরিচয়পত্র প্রদান নির্দেশিকা অনুযায়ী উপযুক্ত ব্যক্তি বাছাই করতে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৫.১.১. শরণখোলা উপজেলায় ৬০০ জন নতুন সমুদ্রগামী জেলেদের পরিচয়পত্র প্রদানের জন্য তালিকাভুক্ত করার ক্ষেত্রে স্বচ্ছতা ও নিরাপেক্ষতার সাথে প্রকৃত সমুদ্রগামী পেশাদার জেলেদের তালিকা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শরণখোলা, |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| [illegible] | [illegible]প্তর | ৬.১. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত থেকে এ দপ্তরের বিভিন্ন কর্মকান্ডের বিষয়ে সকলকে অবহিত করেন। সভায় এ দপ্তরের সার্বিক কার্যক্রম সন্তোষজনক বলে সকলকে অবহিত করেন। | ৬.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৭.১. সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের বিবিধ বিষয় নিয়ে আলোচনা করা হয়। | ৭.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |
| ০৮ | উপজেলা জনস্বাস্থ্য দপ্তর | ৮.১. উপজেলা জনস্বাস্থ্য সহ-প্রকৌশলী কর্মকর্তা, শরণখোলা বলেন, প্রতি বছর শরণখোলা উপজেলায় শুকনা মৌসুমে সুপেয় পানির ব্যাপক সংকট থাকায় এ বছর সংকট নিরোসনে প্রয়োজনীয় করণীয় বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৮.১.১. শরণখোলা উপজেলায় শুকনা মৌসুমে সুপেয় পানির ব্যাপক সংকট থাকায় পর্যাপ্ত ভ্রাম্যমান পানি বিশুদ্ধকরন প্লান্ট সরবরাহ পূর্বক এ সংকট নিরোসনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮.১.২. শরণখোলা উপজেলার বিভিন্ন স্থানে বিদ্যমান অব্যবহৃত পি.এস.এফ. যেগুলো সংস্কারের মাধ্যমে পুনঃব্যবহারযোগ্য করা সম্ভব সেগুলো দ্রুত সংস্কার পূর্বক ব্যবহার উপযোগী করার প্রয়োজনীয় করণীয় বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা সহ-প্রকৌশলী, শরণখোলা |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিস | ৯.১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শরণখোলা উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কাজ সন্তোষজনক বলে সকলকে আবহিত করেন। | ৯.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | ১০.১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ মা ও শিশু স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে নানা কার্মকান্ড বাস্তবায়ন করছে এবং এ উপজেলার পরিবার পরিকল্পনা দপ্তরের কার্যক্রম অত্যান্ত সন্তোষজনক। | ১০.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শরণখোলা। |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কর্যালয় | ১১.১. সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কর্যালয়ের কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। | ১১.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিস | ১২.১.১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শরণখোলা বলেন, উপজেলা মহিলা ও শিশু বিষয়ক দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১২.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক অফিসার |
| ১৩ | উপজেলা বন বিভাগ | ১৩.১.উপজেলা সামাজিক বন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভায় এ দপ্তরের বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। | ১৩.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, শরণখোলা, |
| ১৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ১৪.১.উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, তাঁহার দায়িত্ব গ্রহণের পর মাঠ হতে গ্রহকদের বকেয়া ঋন উত্তোলন করার পরও এমন অনেক ঋন খেলাপি রয়েছে যাদের নিকট হতে টাকা ফেরত আনা সম্ভাব হচ্ছে না । সভায় এ দপ্তরের বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। | ১৪.১.১. ঋন খেলাপিদের বিরুদ্ধে সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা সমবায় অফিস | ১৫.১.উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। সভায় এ দপ্তরের বিভিন্ন বিষয় আলোচনা করা হয়। | ১৫.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | ...ফিস | ১৬.১. শরণখোলা উপজেলা যুব উন্নয়ন অফিসার এ দপ্তরের সার্বিক কার্যক্রমের বিষয়ে সভায় আলোচনা করেন। | ১৬.১.১. বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ১৭.১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন 'উপজেলা পরিচালন ও উন্নয়ন ঈশ্বশল্পের আওতায় গৃহিত ২০১৮-১৯ অর্থউয়রের উপপ্রকল্প "INF-2018-19-400177-02" শরণখোলা উপজেলায় বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপন" শীর্ষক উপপ্রকল্পের কাজ এবং ২০১৯-২০ অর্থ উয়রের উপপ্রকল্প "কোভিড-১৯ মোকাবিলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সহায়ক উপকরণ সরবরাহ" শীর্ষক উপ প্রকল্পের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। সভায় উক্ত বিল অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ১৭.১.১.উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহিত ২০১৮-১৯ অর্থ বছরের উপপ্রকল্প "INF-2018-19-400177-02" শরণখোলা উপজেলায় বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানে রেইন ওয়াটার হার্ভেস্টিং স্থাপন" শীর্ষক উপপ্রকল্পের কাজ এবং ২০১৯-২০ অর্থ বছরের উপ প্রকল্প "কোভিড-১৯ মোকাবিলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সহায়ক উপকরণ সরবরাহ" শীর্ষক উপ প্রকল্পর কাজের বিলের ভ্যাট ৭.৫% বাবাদ ৮২,১৯০/- টাকা ও আয়কর ৩% বাবদ ৩২,৮৭৬/- টাকাসহ সর্বমোট পরিশোধযোগ্য বিল বাবদ ১০,৯৫,৮৫৫/-(দশ লক্ষ পচানব্বই হাজার আটশত পঞ্চান্ন) টাকার বিল সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, শরণখোলা। |
| ১৮ | গ্রাম পুলিশের শূন্যে পদে নিয়োগ | ১৮.১. সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ কয়েকটি ওয়র্ডে গ্রাম পুলিশের পদ শূন্যে থাকায় উক্ত পদে নিয়োগের বিষয়ে সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১৮.১.১. শরণখোলা উপজেলায় বিদ্যামান গ্রাম পুলিশের শূন্যে পদ সংখ্যা সঠিক নিরুপন পূর্বক দ্রুত উক্ত পদে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, শরণখোলা। |
| ১৯ | রায়েন্দা উইনিয়ন পরিষদের পুরাতন ভবন নিলাম | ১৯.১. শরণখোলা উপজেলার রায়েন্দা ইউনিয়ন পরিষদের পুরাতন ও পরিত্যক্ত ভবনটি জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক নিলাম প্রদান করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়। | ১৯.১.১. শরণখোলা উপজেলার রায়েন্দা ইউনিয়ন পরিষদের পুরাতন ও পরিত্যক্ত ভবনটি জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক নিলাম প্রদানের করণীয় বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও চেয়ারম্যান, রায়েন্দা ইউনিয়ন পরিষদ। |
| ২০ | উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবনের সম্মুখে গার্ডরুম নির্মাণ | ২০.১. সভায় অবহিত করা হয় যে, শরণখোলা উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবন ও উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের নিয়মিত দায়িত্বে নিয়োজিত রাখার স্বার্থে উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবনের সম্মূখে একটি গার্ডরুম নির্মাণ করা একান্ত প্রয়োজন। সভায় এ গার্ডরুম নির্মাণ ও উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে এ ব্যয় নির্বাহ করার বিষয়ে আলোচনা করা হয়। | ২০.১.১.উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবন ও উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের নিয়মিত দায়িত্বে নিয়োজিত রাখার স্বার্থে উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবনের সম্মূখে একটি গার্ডরুম নিমাণ এবং এ নির্মাণ ব্যয় আগামী ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে নির্বাহ করার বিষয়ে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী, শরণখোলা। |

CamScanner

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রায়হান উদ্দিন শান্ত)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শরণখোলা, বাগেরহাট।

স্মারক নং: ০৫.৪৪.০১৭৭.০০০.০৭.০১৩.২০১৯-৩৬০ তারিখ: ২৪/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-৪ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০৭। উপজেলা.......................................................................অফিসার, শরণখোলা, বাগেরহাট।
০৮। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, শরণখোলা, বাগেরহাট।
০৯। চেয়ারম্যান,......................................................ইউনিয়ন পরিষদ (সকল), শরণখোলা

উপজেলা নির্বাহী অফিসার
শরণখোলা, বাগেরহাট।